ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)
Website: www.dpdc.gov.bd

Office of the
Executive Director
ICT & Procurement
Dhaka Power Distribution Company Ltd.
Biddut Bhabon, 2nd floor
1, Abdul Gani Road, Dhaka-1000.
Email: edip@dpdc.org.bd

স্মারক নং: ৮৭.৫০১.৪২৪.০০.০০.০০০.২০২০.১৩৬ তারিখ: ২৯/০৯/২০২২ খ্রি:

# সভার কার্যবিবরণী

গত ২৮/০৯/২০২২ খ্রি: তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অন-লাইন প্লাটফর্ম জুম এর মাধ্যমে নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) মহোদয়ের সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ে আওতাধীন দপ্তর সমন্বয়ে ১ম ত্রৈমাসিকের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন। এছাড়া সকল দপ্তর প্রধান, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি ও পরিবীক্ষণ কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন। সভায় ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | ১ম ত্রৈমাসিকের জন্য ডিপিডিসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠিত হয়েছে এবং উক্ত পরিবীক্ষণ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে বলে সভায় অবহিত করা হয়।<br>বিস্তারিত আলোচনান্তে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>• APA 2022-23 অনুসারে প্রতি ত্রৈমাসিকে ৩-৫ জন কর্মকর্তার সমন্বয়ে পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে অফিস আদেশ করার নির্দেশনা রয়েছে। সেই দ্বিতীয় ত্রৈমাসিক এর জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। এজন্য পৃথকভাবে অফিস আদেশ করতে হবে।<br>• পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন সংক্রান্ত অফিস আদেশ ডিজিএম(আইসিটি), ডেভেলপমেন্ট দপ্তর কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে ডিপিডিসি'র ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>• ত্রৈমাসিক ভিত্তিতে কমিটি পুনর্গঠনের অফিস আদেশ, ওয়েবসাইটের স্ক্রিনশট ও ওয়েবলিঙ্ক সহ forwarding সহকারে বিদ্যুৎ বিভাগ বরাবর প্রেরণ করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি, ডিজিএম(আইসিটি), ডেভেলপমেন্ট, মোঃ হেলাল উদ্দিন, ম্যানেজার (আইসিটি), জনাব ডি. এম. কামরুল হাসান, ম্যানেজার (আইসিটি), ডেভলেপমেন্ট ডিপিডিসি। |
| ০২ | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়।<br>বিস্তারিত আলোচনান্তে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>• সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হচ্ছে কিনা তা নিয়মিত পর্যালোচনা এবং বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত করার জন্য পরিবীক্ষণ কমিটির আহবায়ককে নির্দেশনা প্রদান করা হয় ।<br>• বাস্তবায়ন অগ্রগতিসহ ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন পরিবীক্ষণ কমিটির আহবায়কের স্বাক্ষরে supporting document, যেমন- কমিটির সভার কার্যবিবরণী, সিটিজেন চার্টার ইত্যাদি এবং forwarding সহ ত্রৈমাসিক ভিত্তিতে বিদ্যুৎ বিভাগ বরাবর প্রেরণ করতে হবে। | আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৩ | [১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর /সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন বিষয়ে আলোচনা হয়।<br>বিস্তারিত আলোচনান্তে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>• সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সম্যক ধারণা প্রদানের জন্য ডিপিডিসি'র আওতাধীন দপ্তরসমূহের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• প্রমাণক হিসাবে প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে forwarding সহ সভার নোটিশ, সভার কার্যবিবরণী, উপস্থিতির হাজিরা, স্ক্রিনশট বিদ্যুৎ বিভাগ বরাবর প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি |
| ০৪ | [১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ | ডিপিডিসি'র ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হচ্ছে বলে ডিজিএম(আইসিটি), ডেভেলপমেন্ট দপ্তর হতে জানানো হয় এবং ভবিষ্যতে বিষয়টি অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>বিস্তারিত আলোচনান্তে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>• ডিপিডিসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে।<br>• হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ডিজিএম(আইসিটি), ডেভেলপমেন্ট দপ্তর কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে ডিপিডিসি'র ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>• প্রমাণক হিসাবে প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে forwarding সহ হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত অফিস আদেশ, ওয়েব লিংক, স্ক্রিনশট বিদ্যুৎ বিভাগ বরাবর প্রেরণ করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি,<br>ডিজিএম (আইসিটি), ডেভলেপমেন্ট,<br>জনাব ডি. এম. কামরুল হাসান, ম্যানেজার (আইসিটি), ডেভলেপমেন্ট |
| ০৫ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন বিষয়ে আলোচনান্তে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>• ডিপিডিসি'র এমপ্লয়িদেরকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সম্যক ধারণা প্রদানের জন্য আগামী ডিসেম্বর-২২ এর মধ্য কমপক্ষে একটি এবং পরবর্তীতে জানুয়ারী-২৩ হতে জুন-২৩ এর মধ্য কমপক্ষে আরও একটি প্রশিক্ষণ আয়োজন করার জন্য তত্তাবধায়ক প্রকৌশলী, ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট দপ্তরকে নির্দেশ প্রদান করা হলো। উক্ত প্রশিক্ষণ লক্ষ্যমাত্রার চেয়ে বেশী সংখ্যক আয়োজন করার জন্য পরামর্শ প্রদান করা হয়।<br>• প্রশিক্ষণ এর প্রমাণক হিসাবে প্রশিক্ষণের সামারী শীট, অফিস আদেশ, আলোচ্যসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা, উপস্থিতি/ হাজিরা ও শিডিউল প্রস্তুত এবং সংরক্ষণ করার নির্দেশনা প্রদান করা হয়। | সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট দপ্তর |
| ০৬ | [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়।<br>আলোচনান্তে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>• ডিপিডিসি'র এনওসিএস কমরাঙ্গিরচর ও এনওসিএস লালবাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে | নির্বাহী প্রকৌশলী, এনওসিএস কমরাঙ্গিরচর/ লালবাগ |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | গৃহীত হয়। ২য় ত্রৈমাসিকের মধ্যে কমপক্ষে ১টি অবহিতকরণ সভা আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়।<br>• প্রমাণক হিসাবে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী, সভার নোটিশ এবং উপস্থিতি/ হাজিরা, সভার ছবি, গ্রাহকের সমস্যার সমাধানকৃত ফলোআপ প্রতিবেদন সংশ্লিষ্ট এনওসিএস প্রস্তুত করবে এবং কমিটিকে প্রদান করবে। | |

সভা শেষে সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে উপরোক্ত সিদ্ধান্তগুলো যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন এবং আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

Anoman 2৩.০৩.2022

আবদুল্লাহ নোমান
নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)
ও
আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি,
ডিপিডিসি।

অনুলিপি:
০১। নির্বাহী পরিচালক (অ্যাডমিনস্ট্রেশন এন্ড এইচআর/ অপারেশন/ অর্থ), ডিপিডিসি।
০২। প্রধান প্রকৌশলী, এনওসিএস (উত্তর/দক্ষিণ/সেন্ট্রাল)/ জিএম (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং), ডিপিডিসি।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এনওসিএস)/ডিজিএম(আইসিটি), রেভিনিউ/ডেভেলপমেন্ট ডিপিডিসি।
০৪। সিসিও টু ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।
০৫। নির্বাহী প্রকৌশলী (এনওসিএস) / ম্যানেজার (আইসিটি), রেভিনিউ/ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
০৬। সকল সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি, ডিপিডিসি।
০৭। সকল সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, ডিপিডিসি।
০৮। অফিস কপি/ মাষ্টার ফাইল।